“তোমাদের মধ্যে যে লোক নিজের গৃহে নিরাপদে শারীরিক সুস্থতা সহকারে ভোর করে এবং তার কাছে সে দিনের প্রাণ রক্ষা পরিমাণ খাদ্যদ্রব্য বিদ্যমান থাকে, তার জন্য যেন দুনিয়ার সমস্ত নি’আমাত একত্রিত করে দেয়া হয়েছে।”

উবাইদুল্লাহ ইবন মিহসান আল-আনসারী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: “তোমাদের মধ্যে যে লোক নিজের গৃহে নিরাপদে শারীরিক সুস্থতা সহকারে ভোর করে এবং তার কাছে সে দিনের প্রাণ রক্ষা পরিমাণ খাদ্যদ্রব্য বিদ্যমান থাকে, তার জন্য যেন দুনিয়ার সমস্ত নি’আমাত একত্রিত করে দেয়া হয়েছে।”
[হাসান] [এটি তিরমিযী ও ইবনে মাজাহ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: হে মুসলিমগণ, তোমাদের মধ্যে যে ব্যক্তি সকালে সুস্থ ও নিরাপদ অবস্থায় জাগে, তার শরীরে কোনো রোগ বা অসুস্থতা নেই, সে নিজে, তার পরিবার ও সন্তানরা নিরাপদ, তার পথ নিরাপদ, কোনো ভয় নেই, এবং তার কাছে হালাল রিযিক রয়েছে যা তার দিনের প্রয়োজন মেটাবে, তাহলে যেন তার জন্য পুরো দুনিয়া একত্রিত করা হয়েছে।

http://sunnah.global/hadeeth/bn/show/5840